বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ, শর্ট কোর্স শাখা
৮/সি, আগারগাঁও, শেরেবাংলা নগর,
ঢাকা-১২১০।
Web site: www.bteb.gov.bd

স্মারক নং- ৫৭.১৭.০০০০.৩০৪.৩১.০১১.০৯.৪৫৩

তারিখ: ১৭ পৌষ, ১৪৩১ বঙ্গাব্দ
০১ জানুয়ারি, ২০২৫ খ্রি.

## সার্টিফিকেট ইন মেডিকেল আলট্রাসাউন্ড (CMU) শিক্ষাক্রমের জুলাই-ডিসেম্বর, ২০২৪ সেশনের চূড়ান্ত পরীক্ষার বিজ্ঞপ্তি

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতাধীন ০৬ (ছয়) মাস মেয়াদি সার্টিফিকেট ইন মেডিকেল আলট্রাসাউন্ড (CMU) শিক্ষাক্রমের জুলাই-ডিসেম্বর, **২০২৪** সেশনের পরীক্ষা আগামী ২৬ জানুয়ারি, ২০২৫ খ্রি. রবিবার হতে বোর্ড কর্তৃক নির্বাচিত পরীক্ষা কেন্দ্রে একযোগে শুরু হবে।

- উল্লেখ্য, পরীক্ষার কেন্দ্র তালিকা ও সময়সূচি/রুটিন যথাসময়ে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের ওয়েব সাইট www.bteb.gov.bd -এ প্রকাশ করা হবে;
- সংশ্লিষ্ট পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ড (Registration Card) পরীক্ষার প্রবেশপত্র (Admit Card) হিসেবে গণ্য হবে। সংশ্লিষ্ট প্রতিষ্ঠান বোর্ডের রেজিস্ট্রেশন শাখা কর্তৃক বিতরণের বিজ্ঞপ্তি/সিডিউল অনুযায়ী রেজিস্ট্রেশন কার্ড সংগ্রহ করবেন;
- উক্ত শিক্ষাক্রমের প্রবিধান, ২০০৯ ও সিলেবাসে বর্ণিত সংশ্লিষ্ট বিষয়ের আচরণ ভিত্তিক ও মান বন্টন অনুযায়ী সার্টিফিকেট ইন মেডিকেল আলট্রাসাউন্ড শিক্ষাক্রমের পরীক্ষা গ্রহণ করা হবে।

০১. **বোর্ড হতে কেন্দ্রের মালামাল/পরীক্ষা সংক্রান্ত প্রয়োজনীয় কাগজপত্র গ্রহণের তারিখ**
২১-০১-**২০২৫ খ্রি. হতে** ২২-০১-**২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত।**

০২. সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক **তাত্ত্বিক ধারাবাহিক** (TC) **ও ব্যবহারিক ধারাবাহিক** (PC) **নম্বর বোর্ডে**র Online -এ এন্ট্রি সংক্রান্ত

২.১ সংশ্লিষ্ট প্রতিষ্ঠান পরীক্ষার্থীদের তাত্ত্বিক ধারাবাহিক (TC) নম্বর এবং ব্যবহারিক ধারাবাহিক (PC) নম্বর বোর্ডের অনলাইন (Online) - এ নিম্নোক্ত তারিখ মোতাবেক এন্ট্রি করবেন:

| **অনলাইন (Online) –এ তাত্ত্বিক ধারাবাহিক (TC) নম্বর ও ব্যবহারিক ধারাবাহিক (PC) নম্বর প্রেরণের তারিখ** | **তাত্ত্বিক ধারাবাহিক (TC) নম্বর ও ব্যবহারিক ধারাবাহিক (PC) নম্বরের এন্ট্রিকৃত হার্ডকপি বোর্ডে জমাদানের তারিখ** |
|---|---|
| **০৮-০১-২০২৫ খ্রি. হতে ২০-০১-২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত** | **০৫-০২-২০২৫ খ্রি. তারিখের মধ্যে** |

২.২ সংশ্লিষ্ট প্রতিষ্ঠান পরীক্ষার্থীদের তাত্ত্বিক ধারাবাহিক (TC) নম্বর, ব্যবহারিক ধারাবাহিক নম্বর (PC) এবং চূড়ান্ত ব্যবহারিক (PF) নম্বর বোর্ডের অনলাইন (Online) -এ প্রেরণ করবেন। উল্লেখ্য, তাত্ত্বিক ধারাবাহিক (TC) নম্বর, ব্যবহারিক ধারাবাহিক নম্বর (PC) এবং চূড়ান্ত ব্যবহারিক (PF) নম্বর এর উত্তীর্ণ মান ৬০%।

২.৩ উক্ত তারিখের মধ্যে অনলাইন (Online) –এ তাত্ত্বিক ধারাবাহিক (TC) নম্বর ও ব্যবহারিক ধারাবাহিক (PC) নম্বর এন্ট্রি করণে ব্যর্থ হলে এবং সংশ্লিষ্ট শিক্ষার্থীদের ফলাফলে এর প্রভাব পরলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান এর জন্য দায়ী থাকবেন। এর দায়ভার বোর্ডের উ**প**র বর্তাবে না।

০৩. **উপস্থিত-অনুপস্থিত পরীক্ষার্থীর শিরোনাম পত্র বোর্ডে প্রেরণ:**

৩.১ কোনো পরীক্ষার্থী অনুপস্থিত থাকলে তার রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর ও নাম হাজিরা সীট ও শিরোনামপত্রে উল্লেখ করতে হবে;

৩.২ কোনো পরীক্ষার্থী পরীক্ষায় অনুপস্থিত থাকলে Online- এ ঐ পরীক্ষার্থীর রোল নম্বরের বিপরীতে "**A**" লিখতে হবে;

৩.৩ এ শিক্ষাক্রমের সকল তাত্ত্বিক পরীক্ষা সমাপ্তির পর পরীক্ষার হাজিরাশীট বোর্ডের প্রদত্ত ঠিকানায় প্রেরণ করিতে হইবে। হাজিরা শীটের সকল কলাম পূরণ করতে হবে এবং ফটোকপি কেন্দ্রে সংরক্ষণ করতে হবে।

০৪. **পরীক্ষার উত্তরপত্র, লিথু টপ পার্ট ও শিরোনামপত্র বোর্ডে প্রেরণ সংকান্ত**
তাত্ত্বিক পরীক্ষা সমাপ্তির পর পরীক্ষার উত্তরপত্র, লিথু টপ পার্ট ও শিরোনামপত্র পরীক্ষার দিনই স্থানীয় ডাকঘরে একটি প্যাকেট করে অবশ্যই হলুদ কাপড় দিয়ে সেলাই ও সিল গালা করে বোর্ডের নিম্নোক্ত ঠিকানায় প্রেরণ করতে হবে:

| | | |
|---|---|---|
| **প্রাপক** | : | পরীক্ষা নিয়ন্ত্রক |
| **দৃষ্টি আকর্ষণ** | : | উপপরীক্ষা নিয়ন্ত্রক<br>শর্ট কোর্স পরীক্ষা শাখা, ভবন-১ (৫ম তলা), পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড<br>উপ-ডাকঘর, আগারগাঁও, ঢাকা-১২১০। |
| **বিষয়** | : | CMU |
| **তারিখ** | : | |
| **মোবাইল** | : | ০১৬৩২৪৮৬০৬৪ (অফিস) |

০৫. **চূড়ান্ত ব্যবহারিক (PF) নম্বর বোর্ডে প্রেরণ**

৫.১ অনলাইন (Online) –এ চূড়ান্ত ব্যবহারিক (PF) নম্বর বোর্ডের অনলাইন (Online) -এ এন্ট্রি এবং প্রিন্টকৃত কপি বোর্ডে জমাদানের তারিখ নিম্নে প্রদান করা হলো:

| অনলাইন (Online) –এ চূড়ান্ত ব্যবহারিক (PF) নম্বর এন্ট্রির তারিখ | চূড়ান্ত ব্যবহারিক (PF) নম্বরের প্রিন্টকৃত হার্ডকপি বোর্ডে জমাদানের তারিখ |
|---|---|
| **২৬-০১-২০২৫ খ্রি. হতে ০২-০২-২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত** | **০৫-০২-২০২৫ খ্রি. তারিখের মধ্যে** |

৫.২ সংশ্লিষ্ট প্রতিষ্ঠান পরীক্ষার্থীদের চূড়ান্ত ব্যবহারিক (PF) নম্বর বোর্ডের অনলাইন (Online) -এ প্রেরণ করবেন। উল্লেখ্য, চূড়ান্ত ব্যবহারিক (PF) নম্বর এর উত্তীর্ণ মান ৬০%;

৫.৩ উক্ত তারিখের মধ্যে অনলাইন (Online) –এ চূড়ান্ত ব্যবহারিক (PF) নম্বর এন্ট্রি করণে ব্যর্থ হলে এবং সংশ্লিষ্ট শিক্ষার্থীদের ফলাফলে এর প্রভাব পরলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান এর জন্য দায়ী থাকবেন। এর দায়ভার বোর্ডের উপর বর্তাবে না।

০৬. **পরীক্ষা বিষয়ে করণীয়:**

৬.১ পরীক্ষা শুরুর ৩০ মিনিট পূর্বে অবশ্যই পরীক্ষার্থীকে কেন্দ্রের পরীক্ষা কক্ষে উপস্থিত থাকতে হবে;

৬.২ পরীক্ষা কেন্দ্রে আসন বিন্যাস দূরত্ব বজায় রেখে করতে হবে;

৬.৩ বোর্ড কর্তৃক প্রেরিত প্রশ্নপত্রে চূড়ান্ত লিখিত পরীক্ষা গ্রহণ করা হবে। চূড়ান্ত লিখিত পরীক্ষার দিন কেন্দ্রে প্রশ্নপত্র পরীক্ষা শুরু হওয়ার ৩০ মিনিট পূর্বে অনলাইন (bteb.online) প্রেরণ করা হবে

৬.৪ অন লাইন (bteb.online) -এর মাধ্যমে প্রশ্ন প্রাপ্তির ক্ষেত্রে (যদি প্রয়োজন হয়) সংশ্লিষ্ট পরীক্ষা কেন্দ্র নিম্নোক্ত বোর্ড কর্মকর্তার সাথে যোগাযোগ করবেন:

| ক্রমিক | কর্মকর্তার নাম ও পদবি ও মোবাইল নম্বর |
|---|---|
| ০১. | প্রকৌশলী মোহাম্মদ মামুনুল ইসলাম, উপপরীক্ষা নিয়ন্ত্রক (গোপনীয়), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।<br>মোবাইল নং ০১৬১২-৫৪৬৮১৩। |
| ০২. | জনাব মোঃ জহিরুল ইসলাম, সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক (গোপনীয়)<br>মোবাইল নং ০১৭২৩-৭৩১৩৫৫। |

**বিঃ দ্রঃ** সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠানকে অ্যাফিলিয়েশন ফি জমা/হালনাগাদপূর্বক শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্ড সংগ্রহ করতে হবে।

০১.০১.২৫

(মোঃ কেপায়েত উল্লাহ)
পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

স্মারক নং- ৫৭.১৭.০০০০.৩০৪.৩১.০১১.০৯.৪৫৩ (১৭)

তারিখ: ০১-০১-২০২৫ খ্রি.

**সদয় অবগতি ও যথাযথ কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:**

১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, পশ্চিম আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
৩। সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৪। পরিচালক (কারিকুলাম), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৫। জেলা প্রশাসক,............... সংশ্লিষ্ট সকল জেলা।

৬। আঞ্চলিক পরিচালকের কার্যালয়, খুলনা/চট্টগ্রাম/সিলেট/রাজশাহী/বরিশাল/রংপুর/ঢাকা/ময়মনসিংহ।

৭। উপজেলা নির্বাহী অফিসার,............... সংশ্লিষ্ট সকল উপজেলা।

৮। উপসচিব (রেজিস্ট্রেশন), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। রেজিষ্ট্রেশন কার্ড সরবরাহের অনুরোধসহ।

০৯। উপপরীক্ষা নিয়ন্ত্রক (গোপনীয়), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। অত্র বোর্ডের অনুমোদিত প্রবিধান/সিলেবাস অনুযায়ী উক্ত পরীক্ষার প্রশ্নপত্র প্রণয়ন, প্রেরণ এবং এতদসংক্রান্ত কার্যাদি সম্পাদনের অনুরোধসহ ।

১০। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। বিজ্ঞপ্তি অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ।

১১। কেন্দ্র সচিব/ভারপ্রাপ্ত কর্মকর্তাগণ, সংশ্লিষ্ট পরীক্ষা কেন্দ্রসমূহ। উল্লিখিত তারিখ অনুযায়ী লিথুযুক্ত উত্তরপত্র গ্রহণ এবং এতদসংক্রান্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।

১২। প্রেস ম্যানেজার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

১৩। সহকারী প্রোগ্রামার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

১৪। সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক (বিতরণ), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। উল্লিখিত তারিখে কেন্দ্রসমূহকে লিথুযুক্ত উত্তরপত্র ও অন্যান্য প্রয়োজনীয় মালামাল সরবরাহের অনুরোধসহ।

১৫। অধ্যক্ষ/পরিচালক, সার্টিফিকেট ইন মেডিকেল আলট্রাসাউন্ড (CMU) শিক্ষাক্রম পরিচালিত সকল প্রতিষ্ঠান। বিজ্ঞপ্তি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।

১৬। পি ও টু, চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

১৭। নথি।

০২.০২.২০২৫

(মোঃ নওশাদ আলী)
উপপরীক্ষা নিয়ন্ত্রক, অ.দা.
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।